**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
রাজস্ব শাখা
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.১৯.০০২.২০. ২৬৭৯

তারিখ: ০৭ পৌষ, ১৪২৭
২২ ডিসেম্বর, ২০২০

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ২৯/১০/২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২১২.১২.৬০২ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক পাবনা জেলার রাজস্ব প্রশাসন ও এর অধীনস্থ অফিস সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য পাবনা জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | অফিস সহায়ক | ২৮ (আটাশ) টি | ২০ তম গ্রেড-৮২৫০-২০০১০ | অষ্টম শ্রেণি পাশ |
| ০২। | নিরাপত্তা প্রহরী | ০৩ (তিন) টি | ২০ তম গ্রেড-৮২৫০-২০০১০ | অষ্টম শ্রেণি পাশ |

## "শর্তাবলী"

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পাবনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৫৯.১৪.০১ নং স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন করতে হবে। আবেদন ফরমটি www.forms.gov.bd ওয়েবসাইট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা'র ওয়েবসাইট www.pabna.gov.bd এবং এ কার্যালয়ের রাজস্ব (এস.এ.) শাখায় পাওয়া যাবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমটি স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর করতে হবে।

০৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৬। আবেদন আগামী ২৫/০১/২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা'য় পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;

(ক) প্রার্থীর সাম্প্রতিক ৫ x ৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)

(খ) জেলা প্রশাসক, পাবনা'র অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১-৪৬৩১-০০০০-২০৩১ নং কোডে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি (১ম কপি) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকটিকিট লাগানো ০১ (এক) টি ৯.৫ x ৪.৫ ইঞ্চি ফেরত খাম সংযুক্ত করতে হবে

(ঘ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি

(ঙ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি

(চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (সত্যায়িত অনুলিপি গ্রহণযোগ্য নয়)

(ছ) জাতীয় পরিচয়পত্র অথবা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি

(জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী আবেদনকারী চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র

(ঝ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি

(ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি

(ট) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি

(ঠ) আবেদন সংশ্লিষ্ট কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে

০৮। প্রার্থীর বয়স আগামী ২৫/০১/২০২১ তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিলিথযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৯। আবেদনপত্র জেলা প্রশাসক, পাবনা বরাবর করতে হবে।

১০। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে লিখিত/মৌখিক/উভয় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১১। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১২। নিয়োগের ক্ষেত্রে সকল সরকারি বিধি বিধান ও কোটা যথাযথ অনুসরণ করা হবে।

১৩। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন।

১৪। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, পরিবর্ধন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৭। প্রার্থীর মৌখিক পরীক্ষার অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) সহ সকল প্রকার সনদ ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(কবীর মাহমুদ)
জেলা প্রশাসক
পাবনা
ফোন নং: ০৭৩১-৬৫৪৯৯
ই-মেইল: dcpabna@mopa.gov.bd


অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (ব্যাপক প্রচারের অনুরোধসহ)

০১। জেলা প্রশাসক,.............................................(সকল)
০২। পুলিশ সুপার, পাবনা
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
০৪। সিভিল সার্জন, পাবনা
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা
০৭। উপজেলা চেয়ারম্যান,.....................................(সকল), পাবনা
০৮। মেয়র,..................................পৌরসভা, পাবনা
০৯। উপজেলা নির্বাহী অফিসার,........................................(সকল), পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে এবং ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। জেলা তথ্য কর্মকর্তা, পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে জেলার গুরুত্বপূর্ণ স্থানে ও হাট-বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি এ অফিসের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো
১২। সহকারী কমিশনার (ভূমি),........................................(সকল), পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে এবং ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। জেলা নিবন্ধক, পাবনা
১৪। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, পাবনা
১৫। সম্পাদক, দৈনিক............................................................। তাকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০১ (এক) দিন সংক্ষিপ্ত পরিসরে প্রকাশনার ব্যবস্থা গ্রহণ এবং বিলসহ ১০ (দশ) কপি পত্রিকা (বিজ্ঞপ্তি প্রকাশের দিনের) এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি

**ছবি**
(৫×৫ সে.মি. আকারের সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি। ০১ (এক) কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

# চাকরির আবেদন ফরম

বরাবর
..............................................
..............................................
..............................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান: | স্থায়ী: |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর:) | | |
| | গ্রাম/ পাড়া/ মহল্লা: | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্টকোড নম্বর: | | |
| | উপজেলা/ থানা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/ টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | গ্রেড/ শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৭. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রয়োজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মুল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিক হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
রাজস্ব শাখা
www.pabna.gov.bd

## প্রবেশ পত্র

ছবি
(৫ × ৫ সে.মি. আকারের সদ্য তোলা ০১ (এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

রোল নং-

পদের নামঃ :

নামঃ :

পিতার নামঃ :

মাতার নামঃ :

বর্তমান ঠিকানাঃ :

পাবনা জেলার রাজস্ব প্রশাসন ও এর অধীনস্থ অফিসসমূহে অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরীর শূন্য পদে নিয়োগের নিমিত্ত আগামী......................................তারিখ সকাল/বিকাল........................ঘটিকায়........................................................................ কেন্দ্রে প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সাধারণ নির্দেশনাসমূহ:

০১. পরীক্ষার সময় প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে।
০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
০৩. শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
০৪. মৌখিক পরীক্ষায় সময় সকল সনদ ও কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
০৫. পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে।
০৬. পরীক্ষা কেন্দ্রে মোবাইল ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
০৭. পরীক্ষা কেন্দ্রে কোনরূপ ইলেকট্রনিক ডিভাইস, ক্যালকুলেকটর, ঘড়ি, ভ্যানিটি ব্যাগ পাওয়া গেলে পরীক্ষার্থী বহিষ্কৃত হবেন।
০৮. বিস্তারিত তথ্যের জন্য দেখুন Web address: www.pabna.gov.bd, ফোন : ০৭৩১-৬৬০৪৩

..................................................
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সিল

(বি: দ্র: নাম ঠিকানা স্ব-হস্তে লিখে আবেদনের সাথে জমা দিতে হবে। রোল নম্বর, পরীক্ষার তারিখ ও স্থান অফিস কর্তৃক পূরণীয়।)